

প্রকল্প তথ্য ছকঃ

ক্রমিক নং	বিবরণ		
১.	প্রকল্পের নাম	:	বাংলাদেশে তেলবীজ ও ডাল ফসলের গবেষণা ও উন্নয়ন
	প্রকল্পের মেয়াদকাল	:	এপ্রিল, ২০১৬ - জুন, ২০২১
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	২৩৬৩.৫৯ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● তৈল ফসলের জার্মপ্লাজম সংগ্রহ, শনাক্তকরণ, মূল্যায়ন ও ক্যারেকটারাইজেশন ● স্বল্প দৈর্ঘ্য, লবণাক্ততা ও খরা সহিষ্ণু উন্নত জাত উদ্ভাবন ● তৈল ফসলের উন্নত চাষাবাদ প্রযুক্তি উদ্ভাবন ● গবেষণামূলক প্রদর্শনী প্লট স্থাপন এবং সম্প্রসারণকর্মী, এনজিও ও কৃষক প্রশিক্ষণ ● উন্নত জাতের প্রজনন ও মানসম্পন্ন বীজ উৎপাদন ও বিতরণ ● গবেষণাগারের সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ

ক্রমিক নং	বিবরণ		
২.	প্রকল্পের নাম	:	উদ্যানতান্ত্রিক ফসলের গবেষণা জোরদারকরণ এবং চর এলাকায় উদ্যান ও মাঠ ফসলের প্রযুক্তি বিস্তার প্রকল্প
	প্রকল্পের মেয়াদকাল	:	এপ্রিল, ২০১৬ - জুন, ২০২১
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	৭০৫৫.৫২ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● দেশ ও বিদেশ থেকে উদ্যানতান্ত্রিক বিভিন্ন ফসলের ২৭৫টি জার্মপ্লাজম সংগ্রহ, মূল্যায়ন, সংরক্ষণ, জাত বৈচিত্র সমৃদ্ধিকরণ। ● উচ্চ ফলনশীল, খরা, বন্যা, লবণাক্ত, রোগ-বালাই এবং পোকা-মাকড় সহিষ্ণু বা প্রতিরোধী বিভিন্ন সবজি, ফল ও ফুলের জাত উদ্ভাবন। ● উদ্যানতান্ত্রিক ফসলের গুনগতমান সম্পন্ন বীজ/চারাকলম উৎপাদন প্রযুক্তি উদ্ভাবন। ● চর এলাকায় বারি উদ্ভাবিত উচ্চফলনশীল ভিটামিন এ সমৃদ্ধ মিষ্টিআলু, তিল, চিনাবাদাম, আম, পেয়ারা, কুল ও বিভিন্ন ধরনের সজী ফসলের প্রযুক্তি উদ্ভাবন ও চাষাবাদ সম্প্রসারণ ● চর এলাকায় নতুন উদ্ভাবিত ফসলের জাত সমূহের মাঠ গবেষণা শক্তিশালীকরণের মাধ্যমে ফলনের ব্যবধান কমানো

ক্রমিক নং	বিবরণ		
৩.	প্রকল্পের নাম	:	ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ (বারি অংগ)
	প্রকল্পের মেয়াদকাল	:	জুলাই, ২০১৭-জুন, ২০২২
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	৩৬৫১.৬৫ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● ভাসমান কৃষির স্থান-ভিত্তিক আধুনিক ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং কৃষকদের মাঝে জনপ্রিয় করা। ● ভাসমান বেডে বিভিন্ন শাক সবজি ও মসলা ফসলসমূহের উপযোগীতা পরীক্ষা করা। ● আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ভাসমান বেডে চাষকৃত ফসলের (শাক সবজি ও মসলা) ফলন ও আয় বৃদ্ধি করা। ● ভাসমান বেডে বিভিন্ন ফসলের (শাক সবজি, মসলা প্রভৃতি) মান সম্পন্ন চারা উৎপাদন কৌশল ও ব্যবস্থাপনা পদ্ধতি উদ্ভাবন করা। ● ভাসমান বেড তৈরিতে কচুরিপানা ও অন্যান্য জলজ উদ্ভিদের সহজলভ্যতা বিবেচনা করে সীমিত কচুরিপানা/জলজ উদ্ভিদ ভিত্তিক ভাসমান কৃষি প্রযুক্তি উদ্ভাবন করা। ● স্টেকহোল্ডারদের সক্ষমতা বাড়ানোর জন্য ভাসমান কৃষি ভিত্তিক আধুনিক লাগসই প্রযুক্তির উপর প্রশিক্ষণ প্রদান করা।

ক্রমিক নং	বিবরণ		
৪.	প্রকল্পের নাম	:	বাংলাদেশে শাক-সবজি, ফল ও পান ফসলের পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ (বারি অংগ)
	প্রকল্পের মেয়াদকাল	:	জানুয়ারি, ২০১৮-ডিসেম্বর, ২০২১
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	২০৮৫.০০ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● শাক-সবজি, ফল ও পান ফসলের ক্ষতিকারক পোকামাকড় ও রোগবালাই দমনে জৈব বালাইনাশকভিত্তিক কার্যকরি, পরিবেশবান্ধব, অর্থনৈতিকভাবে লাভজনক ব্যবস্থাপনা উদ্ভাবন করা। ● প্রকল্পভুক্ত ফসলসমূহে বিভিন্ন কারণে সৃষ্ট ক্ষতিকারক পোকা-মাকড়, রোগবালাই চিহ্নিতকরণ ও আক্রমণ মাত্রা নিরূপন করা। ● উদ্ভাবিত প্রযুক্তিসমূহের মাঠ পর্যায়ে উপযোগিতা পরীক্ষাকরণ। ● উদ্ভাবিত প্রযুক্তিসমূহের উপর সচেতনতা তৈরীর লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা। ● রাসায়নিক বালাইনাশকের বিকল্প হিসাবে উদ্ভাবিত জৈব বালাইনাশকসমূহকে মাঠ পর্যায়ে সহজলভ্য করা।

ক্রমিক নং	বিবরণ		
৫.	প্রকল্পের নাম	:	বাংলাদেশে মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ
	প্রকল্পের মেয়াদকাল	:	অক্টোবর, ২০১৭ - জুন, ২০২২
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	৯৪০০.০০ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● মসলা জাতীয় ফসলের কৌলিসম্পদ সংগ্রহ, সংরক্ষণ, উচ্চফলনশীল ও উন্নত মানসম্পন্ন মসলা ফসলের জাত উদ্ভাবন। ● টেকসই উৎপাদন ব্যবস্থাপনা ও ফসল সংগ্রহোত্তর প্রযুক্তি উদ্ভাবন বিশেষ করে প্রক্রিয়াজাত মসলা ফসলের উন্নয়ন ও বহুমুখীকরণ। ● সমস্যা সংকুল এলাকা ও প্রতিকূল পরিবেশে খাপ খাওয়ানো উপযোগী প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে মসলা জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধিকরণ। ● বিভিন্ন মসলা জাতীয় ফসলের পর্যাপ্ত পরিমাণ প্রজনন বীজ, ইনব্রিড (Inbred line), আদিজোড় (Rootstock line) এবং চারা কলম উৎপাদন। ● মসলা ফসলের উচ্চ মূল্যবান অলিওরেজিন ও অত্যাবশ্যকীয় তেলসহ বিভিন্ন রাসায়নিক, ভিটামিন ও খনিজ উপাদান নির্ণয় ও নিষ্কাশন উপযোগী প্রযুক্তি উদ্ভাবন। ● প্রশিক্ষণ ফলাফল মূল্যায়ন এবং গুণগত মানসম্পন্ন মসলা জাতীয় পণ্যের উৎপাদন, বানিজ্যিকীকরণ ও প্রযুক্তির বিস্তার। ● মসলা জাতীয় ফসলের টেকসই গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য পরিকাঠামোর উন্নয়ন।

ক্রমিক নং	বিবরণ		
৬.	প্রকল্পের নাম	:	গোপালগঞ্জ জেলায় বিএআরআই এর কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন ও দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের পরিবেশ-প্রতিবেশ উপযোগী গবেষণা কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে কৃষির উন্নয়ন প্রকল্প
	প্রকল্পের মেয়াদকাল	:	জুলাই, ২০১৮ - জুন, ২০২৩
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	১৫৭০০.০০ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● গবেষণা কার্যক্রম জোরদারকরণ, নতুন প্রযুক্তি উদ্ভাবন এবং গুণগতমান সম্পন্ন বীজ উৎপাদন ও সরবরাহের লক্ষ্যে প্রকল্পের আওতায় গোপালগঞ্জে একটি কৃষি গবেষণা কেন্দ্র স্থাপন। ● গবেষণা কার্যক্রমের মাধ্যমে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উপযোগী ফসলের উপযোগিতা ও সম্ভাব্যতা যাচাই। ● দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের উপযোগী সবজি, ফল, ডাল, আলু, তৈলবীজ, গম, ভুট্টা, নারিকেল, তাল এবং খেজুরের উৎপাদন বৃদ্ধি ও কৃষকদের আয় বাড়ানো। ● প্রশিক্ষণ, মাঠ দিবস, সেমিনার ও কর্মশালার মাধ্যমে বারি উদ্ভাবিত উন্নত জাত ও প্রযুক্তির বিস্তার ঘটানো।

ক্রমিক নং	বিবরণ		
৭.	প্রকল্পের নাম	:	স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বারি অংগ)
	প্রকল্পের মেয়াদকাল	:	জুলাই, ২০১৮ - জুন, ২০২৪
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	জিওবি- ৪২৬.৪৭ ও ইফাদ- ১০৩১.৫০ মোট- ১৪৫৭.৯৭ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● জলবায়ু পরিবর্তনের সাথে সংগতি রেখে চাহিদা মাফিক কৃষিজ দ্রব্যাদি উৎপাদন, বহুমুখীকরণ ও বাজারজাতকরণের মাধ্যমে কৃষকের আয়বৃদ্ধি ও জীবনযাত্রার মান উন্নয়ন করা। ● চাহিদা মাফিক উচ্চ মূল্যের ফসলের উৎপাদন এবং বাজারভিত্তিক গবেষণা।

ক্রমিক নং	বিবরণ		
৮.	প্রকল্পের নাম	:	আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র কুমিল্লাকে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে উন্নীতকরণ প্রকল্প
	প্রকল্পের মেয়াদকাল	:	জুলাই, ২০১৮ - জুন, ২০২৩
	প্রকল্পের প্রাক্কলিত ব্যয়	:	৩৭২৭.৫২ লক্ষ টাকা
	প্রকল্পের উদ্দেশ্য	:	<ul style="list-style-type: none"> ● আঞ্চলিক উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, কুমিল্লাকে আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্রে উন্নীতকরণের লক্ষ্যে গবেষণা মাঠ ও অবকাঠামো বৃদ্ধিকরণ। ● আঞ্চলিক পর্যায়ে বিএআরআই এর আওতাধীন ফসলসমূহের নতুন নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিস্তারকরণ। ● কৃষক পর্যায়ে নতুন উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম জোরদারকরণ। ● বিভিন্ন ফসলের দেশি-বিদেশী জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ ও বাছাইকরণের মাধ্যমে কুমিল্লা অঞ্চল উপযোগী নতুন জাত উদ্ভাবন। ● আধুনিক কৃষি প্রযুক্তি বিষয়ে গবেষক, কৃষক, বেসরকারী সংস্থা ও সম্প্রসারণ কর্মীদের দক্ষতা উন্নয়ন।